ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫৩১

বিশালগড়, ৫ মে, ২০২৫

**ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড প্রতিনিধিদলের
২টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন**

ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড-এর এক প্রতিনিধিদল সম্প্রতি সিপাহীজলা জেলার মাইক্রোসাপাড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং টাকারজলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র পরিদর্শন করেন। প্রতিনিধিদলে ছিলেন ডা. এইচ পাটোয়ারী এবং ডা. কাকলি সিংহ। পরিদর্শন কালে প্রতিনিধিগণ স্বাস্থ্য কেন্দ্রগুলিতে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসারে স্বাস্থ্য পরিষেবার সমস্তকিছু বজায় রয়েছে কিনা তা খতিয়ে দেখেন। এছাড়া প্রতিনিধিদলটি স্বাস্থ্য পরিষেবার বিভিন্ন বিষয় নিয়ে রোগী ও স্বাস্থ্যকর্মীদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনকালে সিপাহীজলা জেলার ন্যাশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স স্ট্যান্ডার্ড-এর নোডাল অফিসার ডা. বিথিকা দাস সহ স্বাস্থ্য কর্মীগণ উপস্থিত ছিলেন। সিপাহীজলা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****